

ধুনটে ২৪ ভুয়া পরীক্ষার্থী বহিষ্কার

নিজস্ব প্রতিবেদক বগুড়া

২০ নভেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২০ নভেম্বর ২০১৯ ০০:৪৮



আমাদের সময়

ধুনট উপজেলায় ভুয়া শিক্ষার্থীদের দিয়ে প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী (পিইসি) পরীক্ষা দেওয়ার অভিযোগে ৩ প্রধান শিক্ষককে শোকজ নোটিশ দেওয়া হয়েছে। একই সঙ্গে ২৪ ভুয়া পরীক্ষার্থীকে কেন্দ্র থেকে বহিষ্কার করা হয়েছে। গতকাল মঙ্গলবার বেলা ১১টার দিকে উপজেলা শিক্ষা কর্মকর্তা (টিও) কামরুল হাসান স্বাক্ষরিত পত্রে এ ব্যবস্থা নেওয়া হয়।

শিক্ষা বিভাগ সূত্রে জানা যায়, দেশের অন্যান্য স্থানের মতো এ উপজেলায় গত রবিবার থেকে প্রাথমিক ও এবতেদায়ি সমাপনী পরীক্ষা (পিইসি) শুরু হয়। উপজেলার ১৯টি কেন্দ্রে ৫৯টি স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসা থেকে এ বছর ৭৬১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। প্রথম দিন থেকে গতকাল মঙ্গলবার পর্যন্ত শিক্ষা কর্মকর্তার অনুসন্ধানে ২টি কেন্দ্রের ৩টি প্রতিষ্ঠানের ২৪ পরীক্ষার্থী ভুয়া শিক্ষার্থী হিসেবে শনাক্ত হয়। এর মধ্যে ছাতিয়ানী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে গোবিন্দপুর স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ১৫ জন, রামপুরা স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ৩ জন ও ভা-রবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয় কেন্দ্রে রঘুনাথপুর নয়াপাড়া স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার ৬ জন। পরে তাদের বহিষ্কার ও এবং সংশ্লিষ্ট ৩ প্রতিষ্ঠানের প্রধানকে শোকজ নোটিশ দেওয়া হয়। আগামী ৩ কার্যদিবসের মধ্যে প্রধান শিক্ষকদের কাছে জবাব চেয়েছেন শিক্ষা কর্মকর্তা।

গোবিন্দপুর স্বতন্ত্র এবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষক মারুফ আহমেদ বলেন, এসব শিক্ষার্থী তথ্য গোপন করে পিইসি পরীক্ষায় ফরম পূরণ (ডিআর-ভুক্ত) করে পরীক্ষায় অংশ নিয়েছিল। এ বিষয়টি আমার জানা ছিল না।

ধুনট উপজেলা শিক্ষা কর্মকর্তা কামরুল হাসান বলেন, জবাব সন্তোষজনক না হলে পিইসি পরীক্ষার আইন অনুযায়ী তিন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

advertisement